


# ব্যান্সডক

# বার্ষিক প্রতিবেদন ২০২০ - ২০২১

## বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার
## (ব্যান্সডক)

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

www.bansdoc.gov.bd

## এডিটরিয়াল বোর্ড

| | | |
|---|---|---|
| ১। | চীফ এডিটর | : জনাব মীর জহুরুল ইসলাম, অতিরিক্ত সচিব, ব্যান্সডক, ঢাকা। |
| ২। | এডিটর | : জনাব মো: মনিরুজ্জামান, এসআরও, ব্যান্সডক, ঢাকা। |
| | | : জনাব মো: মোখলেছুর রহমান সরকার, প্রশাসনিক কর্মকর্তা, ব্যান্সডক, ঢাকা। |
| | | : জনাব মোহাম্মদ আসলাম আলী খন্দকার, ফটোগ্রাফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা। |

### কম্পোজ অ্যান্ড ডিজাইন:

১। জনাব মো: সায়েম খান, জুনিয়র রিপ্রোগ্রাফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা।

২। জনাব মো: আলাউদ্দিন, জুনিয়র টেকনিশিয়ান, ব্যান্সডক, ঢাকা।

৩। জনাব মো: নুরী ইয়াজদানী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

### কারিগরি টিম:

১। জনাব শেখ আবু হাসান, জুনিয়র বিবলিওগ্রাফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা।

২। জনাব মো: মোশারফ হোসেন, ব্যক্তিগত সহকারী, ব্যান্সডক, ঢাকা।

৩। জনাব হাজেরা খাতুন, গ্রন্থাগার সহকারী, ব্যান্সডক, ঢাকা।

### সহায়তাকারী:

১। জনাব মো: মনির হোসেন, ক্যাশিয়ার, ব্যান্সডক, ঢাকা।

২। জনাব মো: মোয়াজ্জেম হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

৩। জনাব মো: জান্নাতুল ফেরদৌস, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

৪। জনাব মো: রাজিব হোসাইন, অফিস সহায়ক, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

# মুখবন্ধ

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক তথ্য সেবা প্রদানকারী একটি জাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠালগ্ন থেকেই ব্যান্সডক বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, গবেষক, চিকিৎসক, ছাত্র-শিক্ষক এবং আগ্রহী পাঠকদের তথ্য চাহিদা পূরণ করে আসছে। তথ্য সংগ্রহ, সংরক্ষণ, সম্পাদনা, বিতরণ সর্বোপরি গবেষকদের গবেষণায় সহায়তা করার জন্য নিরলস কাজ করে যাচ্ছে প্রতিষ্ঠানটি।

ব্যান্সডকের কার্যক্রম উত্তোরোত্তর বৃদ্ধি পাচ্ছে। প্রতিষ্ঠানটি আধুনিক পদ্ধতিতে বিজ্ঞানী ও গবেষকদের তথ্য সেবা প্রদানের ক্ষেত্রে প্রায় শতভাগ সফলতা অর্জন করেছে । প্রতিষ্ঠানের কর্মীবাহিনী দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত বিভিন্ন বিজ্ঞান গবেষণামূলক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহে কর্মরত বিজ্ঞানী ও গবেষকদের প্রয়োজনীয় তথ্য আদান প্রদানে আধুনিক পদ্ধতির প্রচার এবং ব্যান্সডকের তথ্য সেবা ও ই-সার্ভিস সম্পর্কিত অবহিতকরণ সভার আয়োজন করছে। তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতির প্রয়োগ এবং দক্ষ পেশাজীবী সৃষ্টি করতে বিগত বছরগুলোর ন্যায় এ বছরেও ই-বুক  কর্মশালা ও ইন্টার্ণশীপ কোর্স পরিচালনা করছে। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বই ও জার্ণালে সমৃদ্ধ ব্যান্সডকের বিশেষায়িত গ্রন্থাগারটি বিজ্ঞানী ও গবেষকদের প্রয়োজনীয় তথ্য নিয়মিত সরবরাহ করছে।

এছাড়া ব্যান্সডকের ওয়েবসাইটে নিয়মিতভাবে নতুন নতুন তথ্য সংযোজিত হচ্ছে। সময়ের সাথে তাল মিলিয়ে গবেষণধর্মী তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং সেবাগ্রহীতাদের কাছে তা বিতরণের মাধ্যমে ব্যান্সডক এক অনন্য নজির স্থাপন করেছে। এরই ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

বার্ষিক প্রতিবেদনটি প্রণয়ন ও প্রকাশনায় যারা নিরলস শ্রম দিয়েছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মীর জহুরুল ইসলাম
অতিরিক্ত সচিব ও মহাপরিচালক
ব্যান্সডক, ঢাকা

সেপ্টেম্বর, ২০২১

# সূচিপত্র


| ক্র: | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | পটভূমি | ১ |
| ২ | লক্ষ্য ও উদ্দেশ্য | ১ |
| ৩ | ভিশন ও মিশন | ১ |
| ৪ | সংস্থার প্রধান কার্যাবলি | ১ |
| ৫ | সাংগঠনিক কাঠামো ও জনবল | ১ |
| ৬ | বাজেট | ১ |
| ৭ | **Format: SDG Action Plan through National Mid-Term and Long-Term Development Plans** | ২ |
| ৮ | ব্যান্সডকের বিভাগসমূহের ২০১৯-২০২০১৮ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি | ৩ |
| ৯ | ডকুমেন্ট ডেলিভারি সার্ভিস | ৩ |
| ১০ | বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস | ৩ |
| ১১ | গ্রন্থাগার সার্ভিস | ৩ |
| ১২ | সাইবার সার্ভিস | ৪ |
| ১৩ | রিপ্রোগ্রাফিক সার্ভিস | ৪ |
| ১৪ | ব্যান্সডক এর অনলাইন ডাটাবেইজ | ৫ |
| ১৫ | Digitization-এর অগ্রগতি | ৫ |
| ১৬ | সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা | ৬ |
| ১৭ | ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ | ৬ |
| ১৮ | একনজরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১ | ৭ |
| ১৯ | ব্যান্সডক পরিচালনা বোর্ডের সভা | ৭ |
| ২০ | ইনোভেশন টিমের কার্যক্রম | ৭ |
| ২১ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ৭ |
| ২২ | মানবসম্পদ উন্নয়ন | ৭ |
| ২৩ | ব্যান্সডক ওয়েবসাইট | ৮ |
| ২৪ | ২০০৯-২০২১ জুন পর্যন্ত ব্যান্সডকের উল্লেখযোগ্য অর্জন | ৮ |
| ২৫ | চ্যালেঞ্জ ও সম্ভাবনা | ৮ |
| ২৬ | নির্বাচনি ইশতেহার ২০১৮ | ৯ |
| ২৭ | ফোকাল পয়েন্ট | ১০ |

## পটভূমি:

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে তথ্যসেবা প্রদানকারী একটি জাতীয় সংস্থা। বিজ্ঞানভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ, সংরক্ষণ,সম্পাদনা এবং বিতরণের লক্ষ্য নিয়ে ষাটের দশকে বিসিএসআইআর-এর অঙ্গ সংগঠনরূপে ব্যান্সডকের যাত্রা শুরু হয়। ২০১০ সালে আইন প্রণয়নের মাধ্যমে ব্যান্সডক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে।রূপকল্প ২০২১ বাস্তবায়নে ওয়েবপেইজ ভিত্তিক তথ্যসেবা সংযোজন করে বিদ্যমান তথ্যসেবাসমূহকে আরও সমৃদ্ধশালী ও আধুনিকায়ন করার ক্ষেত্রে ব্যান্সডকের অবদান অপরিসীম।

## লক্ষ্য ও উদ্দেশ্য :

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ, শিল্পোদ্যোক্তা, পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, ছাত্র-শিক্ষক ও সংশ্লিষ্ট সকল গবেষককে বিজ্ঞান ও প্রযুক্তিগত তথ্যসেবা প্রদান ব্যান্সডক-এর প্রধান লক্ষ্য।

**ভিশন :** বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য দ্রুত সরবরাহ।

**মিশন:** বৈজ্ঞানিক তথ্যসমূহের অনলাইন ডাটাবেজ স্থাপন, ব্যান্সডকের কার্যক্রমকে ডিজিটালাইজড করা এবং গ্রাহকদের অফলাইন সার্ভিস প্রদান।

## সংস্থার প্রধান কার্যাবলি:

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, অ্যাকাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাঁদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য সংগ্রহ ও প্রাপ্তির ব্যবস্থা করা।

## সাংগঠনিক কাঠামো ও জনবল:

ব্যান্সডকের সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত জনবলের (পদ) সংখ্যা ৫৫ টি বিদ্যমান (২০২০-২০২১)।

| শ্রেণি | অনুমোদিত পদের সংখ্যা (রিটেনশনসহ) | বিদ্যমানপদের সংখ্যা | শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ১০ | ৮ | ২ |
| ২য় শ্রেণি | ৫ | ৫ | - |
| ৩য় শ্রেণি | ২৪ | ১৫ | ৯ |
| ৪র্থ শ্রেণি | ১৬ | ০৫ | ১১ |
| | **৫৫টি** | **৩৩টি** | **২২টি** |

## বাজেট

| ক্রমিক | অর্থবছর | পরিচালন ব্যয় | | উন্নয়ন | | মোট বরাদ্দ | | বাস্তবায়নের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় | বরাদ্দ | ব্যয় | মোট বরাদ্দ | মোট ব্যয় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ২০০৯-১০ | ১৬০৬৮.০০ | ১৪৫৪০.৯০ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১৬০৬৮.০০ | ১৪৫৪০.০০ | ৯০.৫০% |
| ২ | ২০১০-১১ | ২২৭০১.০০ | ১৯২৯২.৯৮ | ” | ” | ২২৭০১.০০ | ১৯২৯২.৯৮ | ৮৪.৯৯% |
| ৩ | ২০১১-১২ | ২৩৭৮১.০০ | ১৭৫৬১.৬৩ | ” | ” | ২৩৭৮১.০০ | ১৭৫৬১.৬৩ | ৭৩.৮৫% |
| ৪ | ২০১২-১৩ | ২৩০০০.০০ | ২২৯৭২.২৫ | ” | ” | ২৩০০০.০০ | ২২৯৭২.২৫ | ৯৯.৮৮% |
| ৫ | ২০১৩-১৪ | ২৫১১০.০০ | ২৪৯৪০.১৫ | ” | ” | ২৫১১০.০০ | ২৪৯৪০.১৫ | ৯৯.৩২% |
| ৬ | ২০১৪-১৫ | ৩০৩০০.০০ | ৩০২২৭.০২ | ” | ” | ৩০৩০০.০০ | ৩০২২৭.০২ | ৯৯.৭৬% |
| ৭ | ২০১৫-১৬ | ৩৫৩৫১.০০ | ২৭৯৪৯.৯৭ | ” | ” | ৩৫৩৫১.০০ | ২৭৯৪৯.৯৭ | ৭৯.০৬% |
| ৮ | ২০১৬-১৭ | ৪৮০০০.০০ | ৪২৪৩৯.৭৭ | ” | ” | ৪৮০০০.০০ | ৪২৪৩৯.৭৭ | ৮৮.৪২% |
| ৯ | ২০১৭-১৮ | ৪,৯৫,০০.০০ | ৪,৪০,২৮,৫৯৩.০০ | ” | ” | ৪,৯৫,০০.০০ | ৪,৪০,২৮,৫৯৩.০০ | ৮৮.৯৪% |
| ১০ | ২০১৮-১৯ | ৬,২০,০০,০০০.০০ | ৫,৮৭,৩২,৩৮৬.৭৯ | ” | ” | ৬,২০,০০০০০.০০ | ৫,৮৭,৩২,৩৮৬.৭৯ | ৯৪.৭২% |
| ১১ | ২০১৯-২০ | ৬,৫০,০০,০০০.০০ | ৬,২৭,৫৭,০৮৭.৫৪ | ” | ” | ৬,৫০,০০,০০০.০০ | ৬,২৭,৫৭,০৮৭.৫৪ | ৯৬.৫৫% |
| ১২ | ২০২০-২১ | ৭,১৮,০০,০০০.০০ | ৬,১৮,৮৭,৩৯১.৮০ | ” | ” | ৭,১৮,০০,০০০.০০ | ৬,১৮,৮৭,৩৯১.৮০ | ৮৬.১৯% |


## Format: SDG Action Plan through National Mid-Term and Long-Term Development Plans

| SDG Targets[i] | Global Indicators for SDG Targets[ii] | Lead/Co-Lead Ministries/ Division[iii] | Associate Ministries/ Division[iv] | 7th FYP Goals/Targets related to SDG Targets and Indicators[v] | On-going Project/Programme to achieve 7th FYP goals/Targets[vi] | | Requirement of New Project/Programme up to 2020[vii] | | Actions/Projects beyond 7th FYP Period (2021-2030)[viii] | | Policy Xtrategy if needed (in relation Column 8)[ix] | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Project Title and Period | Cost in BDT (million) | Project Title and Period | Cost in BDT (million) | | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6.1 | 6.2 | 7.1 | 7.2 | 8 | | 9 | 10 |
| Collection and dissemination of scientific and technological information. | **1.** Collection processing, preservation, editing and dissemination of information in all fields of scientific research and experimental development in the area of natural science, agriculture, medical science, engineering, industry and technology.<br>**2.** Providing of information as per requirement of researchers working in research organizations, academic institutions, nationalized industries or any other sectors.<br>**3.** Providing scientific information for researcher, policy maker, planner and manager. | Ministry of Science and Technology, Bangladesh | Bangladesh National Scientific and Technical Documentation Centre (BANSDOC) | - Providing Bibliographic Service;<br>- Reprint collection of concern publications and its distribution;<br>- Establish scientific contact with scientists and researchers;<br>- Help in document translation;<br>- Providing photo-reprographic service;<br>- Providing computer and internet service;<br>- Cooperation with SAARC Documentation Centre;<br>- Arrange exhibition, conference, seminar, workshop & training and awarded the scholars, students for assisting human resource development and to take action for poverty alleviation;<br>- Supply web page based research information;<br>- Collaboration and patronizing research activities of scientists and professionals;<br>- Provide digital library service;<br>- Exchange information at national and international level;<br>- Arranging internship for the apprentice related to Information Science and Library Management;<br>- Provide consultancy service to the scientists and researchers to enhance research and development activities of the country. | - | - | 1. Establish branch office of BANSDOC at divisional level to provide associated service.<br>2. To turn BANSDOC into international level organization in the field of science and technology.<br>3. Automation and digitization of BANSDOC services.<br>4. Vertical extension of BANSDOC building (10th floor).<br>5. Establishing hall room in BANSDOC equipped with all modern facilities.<br>6. Establishment of modern Lab consisting of 40 set of computer. | Cost 20.00 crore.<br>Cost 24.00 crore.<br>Cost 24.00 crore.<br>Cost 20.00 crore.<br>Cost 1.00 crore.<br>Cost 50.00 Lac. | | | - | - |

## ব্যান্সডকের বিভাগসমূহের ২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

## ডকুমেন্ট ডেলিভারি সার্ভিস :

বিজ্ঞানী ও গবেষকদের চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডকের নিজস্ব সোর্স, জাতীয় ও আন্তর্জাতিক কনসোর্টিয়াম World Health Organization (WHO) -এর HINARI, Food and Agricultural Organization (FAO)–এর AGORA ও BangladeshINASP-PERII এবং National Library of Australia (NLA)ও NISCAIR, India হতে তথ্য সংগ্রহপূর্বক গবেষকদের মধ্যে বিতরণ করা হয়।



ডকুমেন্টেশন সার্ভিস

২০২০-২০২১ অর্থ বছরে-

(১) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে ৩,২৪৮ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে;

(২) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, কর্মরত বিজ্ঞানী ও গবেষকসহ মোট ৭৫ জনকে বিভিন্ন জার্নালের আর্টিকেলের ২,৫২৫ পৃষ্ঠা ডকুমেন্ট সরবরাহ করা হয়েছে;

(৩) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে সংগৃহীত ১,৮৬৯ টি থিসিস-এর অ্যাবস্ট্রাক্ট এবং টাইটেল পেজ এন্ট্রি দিয়ে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

## বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস:

একজন গবেষক তার গবেষণার বিষয়বস্তুর ওপর কি-ওয়ার্ড ইনসার্টের মাধ্যমে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় আর্টিক্যালের বিবলিওগ্রাফিক্যাল সোর্স/রেফারেন্স অতি অল্প সময়ে সংগ্রহ করতে পারেন। লিটারেচার সার্চ সার্ভিসটি সম্পাদনের লক্ষ্যে ব্যান্সডকে আমেরিকার থমসন রয়টার্স পাবলিকেশনের বায়োলজিক্যাল অ্যাবস্ট্রাক্ট-এর সংরক্ষিত সিডিতে ৩২ টি বিষয়ের গবেষণা তথ্য রয়েছে।



বিবলিওগ্রাফিক সার্ভিস

২০২০-২০২১ অর্থ বৎসরে-

(১) ব্যান্সডক ওয়েবসাইটের সংশ্লিষ্ট ডাটাবেজে ১৫০ টি এসএন্ডটি অ্যাবস্ট্রাক্টস এন্ট্রি দেয়া হয়েছে;

(২) ২৭,৬৫০ জন গ্রাহককে ব্যান্সডক ওয়েবসাইটের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে।

## গ্রন্থাগার সার্ভিস :

একটি বিশেষায়িত বিজ্ঞান গ্রন্থাগার হিসাবে ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ২২,০৫০ টি শিরোনামের রেফারেন্স বই সংরক্ষিত আছে। এ ছাড়া প্রায় ৪৫০টি শিরোনামের দেশি-বিদেশি জার্নালের প্রায় ৬,০২০টি বাউন্ড ভলিউম এবং জার্নালের প্রায় ১৭,০০০ ইস্যু সংরক্ষিত আছে। গ্রন্থাগারটি সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত অন্য দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকে। অভিজ্ঞ শিক্ষাবিদ ও বিজ্ঞানীদের সুবিধার্থে বেশ কয়েকটি সুসজ্জিত স্টাডি ক্যারল রয়েছে। ব্যান্সডক গ্রন্থাগারটি দীর্ঘদিন যাবৎ দেশের বিজ্ঞানী ও গবেষকদের নিকট রেফারেন্স লাইব্রেরি হিসেবে অত্যন্ত জনপ্রিয়।

২০২০-২০২১ অর্থ বছরে-

(১) ৫,২৪৭ বিজ্ঞানী, গবেষক, শিক্ষার্থীকে গ্রন্থাগার সেবা;
(২) ১,১৭১ টি ন্যাশনাল ইউনিয়ন ক্যাটালগ-এর ডাটা ওয়েবসাইটে এন্ট্রি;
(৩) ১৫০ টি বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ওয়েবসাইটে এন্ট্রি;
(৪) ১৫ টি ই-বুক প্রস্তুত করে ওয়েব সাইটে উন্মুক্তকরণ;
(৫) ৬০ টি টেক্সট/রেফারেন্স বই সংগ্রহ করা হয়েছে;
(৬) ১৫ টি দেশীয় জার্নাল সংগ্রহ করা হয়েছে।



গ্রন্থাগারে পাঠক সেবা

## সাইবার সার্ভিস :

ব্যান্সডক গ্রন্থাগারে একটি সাইবার কর্নার রয়েছে। সাইবার হতে ব্যবহারকারীগণ স্বল্পমূল্যে হাইস্পিড সম্বলিত ইন্টারনেট ব্যবহার ও প্রয়োজনীয় ডকুমেন্টের প্রিন্ট নিতে পারেন।



সাইবার সার্ভিস

## রিপ্রোগ্রাফিক সার্ভিস :

গবেষকদের গবেষণা কর্ম, সায়েন্টিফিক ফটোগ্রাফি, ম্যাপ, নক্সা ও ডিজাইন সম্বলিত তথ্যের মাইক্রোফিল্ম ও মাইক্রোফিস-এর মাধ্যমে দীর্ঘমেয়াদে সংরক্ষণের ব্যবস্থা এ সেবার অন্তর্ভুক্ত। এ ছাড়া গবেষণার বিষয়বস্তুর স্লাইড তৈরির ব্যবস্থাও রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে-

(১) ৩৯০ জন বিজ্ঞানী/গবেষকের পারসোনাল প্রোফাইল ডাইরেক্টরি অব সায়েন্টিস্টস অ্যান্ড টেকনোলজিস্ট শিরোনামে ডাটাবেজে এন্ট্রি দেয়া হয়েছে;
(২) দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞান বিষয়ের ৭২৫ টি গুরুত্বপূর্ণ ফিচার সংশ্লিষ্ট ডাটাবেজে এন্ট্রি দেয়ার কাজ সম্পন্ন করা হয়েছে।



রিপ্রোগ্রাফিক সার্ভিস

## ব্যান্সডক এর অনলাইন ডাটাবেইজ :

ব্যান্সডকে গবেষণা কাজে সহায়ক তথ্যাবলি সম্বলিত ডাটাবেইজ রয়েছে। ব্যান্সডক-এর কর্মকর্তা/কর্মচারী ও বিভিন্ন বিজ্ঞান ও গবেষণাধর্মী প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্টের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ করে ব্যান্সডকের ওয়েবসাইটে সংযুক্ত ডাটাবেজে এন্ট্রির মাধ্যমে সকলের জন্য উন্মুক্ত করা হয়ে থাকে। যে কোন গবেষক বিশ্বের যে কোন স্থান থেকে এ সকল তথ্য পড়তে ও ডাউনলোড করতে পারেন। ডাটাবেজগুলো নিম্নরূপ:

1. Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad;
2. Current Research Projects of Bangladesh;
3. National Union Catalogue of S&T Periodicals in Bangladesh;
4. Bangladesh S&T Abstracts;
5. Book Search;
6. Thesis Search;
7. Innovations of Young Scientists & Science Club;
8. Scientific & Industrial Innovations;
9. S&T Paper Clipping;
10. BANSDOC e-Books.

## Digitization-এর অগ্রগতি :

ব্যান্সডকের সেবাসমূহকে দ্রুত এবং স্বল্পসময়ে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ডিজিটালাইজড করার পদক্ষেপ নেয়া হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে ১০টি ডাটাবেজ সৃষ্টি করে ওয়েব সাইটের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। আগামীতে এ সেবাগুলোকে আরও উন্নত করার প্রচেষ্টা নেয়া হচ্ছে। ডাটাবেজের মাধ্যমে প্রদেয় সেবাগুলোর বর্ণনা নিম্নরূপ:

১। Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad-এ ডাটাবেজটি সৃষ্টি করে দেশে-বিদেশে কর্মরত বিজ্ঞানীদের মধ্যে একটি সেতুবন্ধন করা হয়েছে। একজন বিজ্ঞানী অতি অল্পসময়ে অন্যান্য বিজ্ঞানী সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন;

২। Current Research Projects of Bangladesh-এ ডাটাবেজটির মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সরকারি যে প্রকল্পগুলো বাস্তবায়িত হচ্ছে, সে প্রকল্পগুলো দেখে নতুন প্রকল্প প্রণয়ন করা যায় সেদিকে লক্ষ্য রেখেই এ ডাটাবেজটি সৃষ্টি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

৩। National Union Catalogue of S&T Periodicals in Bangladesh-বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের গ্রন্থাগারে কী কী এবং কোন কোন সালের কোন কোন সংখ্যার জার্নাল রয়েছে তা গবেষকদের অনলাইনে তাৎক্ষণিক জানার জন্য এ ডাটাবেজটি সৃষ্টি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

৪। Bangladesh S&T Abstracts-বাংলাদেশে প্রকাশিত ব্যান্সডক গ্রন্থাগারে রক্ষিত জার্নালসমূহের অ্যাবস্ট্রাক্টস এবং রিলেটেড তথ্য দিয়ে এ ডাটাবেজটি আপলোড করা হয়েছে, যা একনজরে দেখা/বোঝা যাবে যে,বাংলাদেশে প্রকাশিত ব্যান্সডক গ্রন্থগারে সংগৃহীত কোন জার্নালে কী আর্টিকেল রয়েছে;

৫। Book Search -ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ২২,০০০ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বই রয়েছে। যে কেউ ব্যান্সডক গ্রন্থাগারে না এসেও ডাটাবেজ সার্চ করে দেখতে পাবেন তাঁর প্রয়োজনীয় বইটি ব্যান্সডক গ্রন্থাগারে রয়েছে কিনা;

৬। Thesis Search -একজন গবেষক তার গবেষণা কর্ম শুরু করার পূর্বে তার গবেষণা অন্য কোন গবেষক পূর্বেই সম্পাদন করেছেন কিনা তা এ ডাটাবেজ সার্চের মাধ্যমে দেখতে পারবেন। এমনকি তার প্রয়োজনীয় গবেষণা কর্মটি কোন গ্রন্থাগারে রয়েছে সেটিও জানা যাবে;

৭। Innovations of Young Scientists & Science Club -দেশের বিভিন্ন বিজ্ঞান মেলায় যে সকল খুদে বিজ্ঞানীগণ অংশ নিয়ে তাদের প্রকল্প প্রদর্শন করে সে সকল প্রকল্প নিয়ে এ ডাটাবেজটি সৃষ্টি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ফলশ্রুতিতে তাদের প্রকল্পগুলো হারিয়ে যাওয়ার সম্ভাবনা কমে যাবে;

৮। Scientific & Industrial Innovations- দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বিজ্ঞানীদের নতুন নতুন উদ্ভাবনের বিষয়সমূহকে ডাটাবেজ আকারে ব্যান্সডক ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। যা সকলের জন্য উন্মুক্ত;

৯। S&T Paper Clipping -দেশের খ্যাতনামা দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার/উদ্ভাবনসমূহের ছবি ও বর্ণনা নিয়ে এ ডাটাবেজটি সৃষ্টি করা হয়েছে;

১০। BANSDOC e-Books-কপি রাইট অ্যাক্ট বহির্ভূত যে সকল বিজ্ঞান বিষয়ক বই ও জার্নাল ব্যান্সডক গ্রন্থাগারে রয়েছে সেগুলোকে ই-বুক আকারে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। যাতে বিজ্ঞানী, গবেষক, ছাত্র-শিক্ষকগণ তাঁদের প্রয়োজনে অনলাইনে বইগুলো পড়তে পারেন।

**সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা :**

ব্যান্সডকের সেবা/কার্যক্রমসমূহ বহুল প্রচারের লক্ষ্যে দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে ১১ টি সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।



অবহিতকরণ সভা, জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

**ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ :**

তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতি প্রয়োগের অংশ হিসেবে দেশের বিভিন্ন আরঅ্যান্ডডি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে ০৬টি ই-বুক প্রস্তুতকরণ' প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।


ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ

## একনজরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১:

২০২০-২০২১ অর্থবছরের এপিএ -এর কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের বার্ষিক প্রতিবেদন।

| ক্রমিক | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদনসূচক | একক | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রকৃত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | কৌশলগত উদ্দেশ্যে-১: বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণায় সহায়তা বৃদ্ধিকরণ | [১.৬] বিজ্ঞানবিষয়ক প্রশিক্ষণ | [১.৬.১] (ক) তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় দক্ষ জনবল | সংখ্যা/ জন | ১২০ | - |
| | | | (খ) ই-বুক প্রস্তুত ও আপলোড বিষয়ে দক্ষ জনবল | সংখ্যা/ জন | ১০০ | ১৫০ |
| ২. | কৌশলগত উদ্দেশ্য-২: বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণ | [২.২] ব্যান্সডকের সেবাসমূহ অবহিতকরণ | [২.২.১] আয়োজিত অবহিতকরণ সভা, সেমিনার ও কর্মশালা | সংখ্যা/ টি | ১৩ | ১১ |
| ৩. | কৌশলগত উদ্দেশ্য-৩: বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ | [২.৫] বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ | [২.৫.১] তথ্য সংগ্রহ | সংখ্যা/টি | ৭,০০০ | ৭,০৪০ |
| | | | [২.৫.২] তথ্য বিতরণ | সংখ্যা/টি | ৭,৮০০ | ৯,৪৭৮ |
| | | | [২.৫.৩] সেবাগ্রহণকারী/ সুবিধাভোগী | সংখ্যা/টি | ১৬,০০০ | ৩৫,৬৬৫ |

## ব্যান্সডক পরিচালনা বোর্ডের সভা:

২০২০-২০২১ অর্থবছরে ব্যান্সডক পরিচালনা বোর্ডের ৪টি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিকাংশই বাস্তবায়িত হয়েছে।

## ইনোভেশন টিমের কার্যক্রম :

ইনোভেশন টিমের উদ্যোগে প্রতিমাসে ২টি করে ই-বুক প্রস্তুতকরে ১৫ টি ই-বুক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া ইনোভেশন কার্যক্রমের আওতায় প্রতিসপ্তাহে একবার ওয়েবসাইট হালনাগাদ করা হয়।

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন :

ব্যান্সডকের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা এবং অংশীজনের অংশগ্রহণে বেশ কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে।



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ

## মানবসম্পদউন্নয়ন :

কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রত্যেককে ৬০ জনঘন্টা বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ

ব্যান্সডক ওয়েবসাইট :www.bansdoc.gov.bd ভিজিট করে বিশ্বের যেকোন প্রান্ত থেকে ওয়েববেইজ তথ্যসেবা গ্রহণের সুযোগ রয়েছে।

**২০০৯-২০২১ জুন পর্যন্ত ব্যান্সডকের উল্লেখযোগ্য অর্জন:**

- ইন্টার্নশিপ: ৩৭টি ব্যাচ;
- ই-বুক প্রশিক্ষণ: ২৪টি;
- অবহিতকরণ সভা: ১১২ টি;
- তথ্য সংগ্রহ: ১,৫৯,৭৮২ পৃষ্ঠা;
- তথ্য বিতরণ: ২,৪৯,২২৭ পৃষ্ঠা;
- সুবিধাভোগী: ২,৬৯,৩৫১ জন;
- ব্যান্সডক ওয়েবসাইটে ১০ টি ডাটাবেজ স্থাপন;
- অনলাইনভিত্তিক তথ্যসেবা কার্যক্রম শুরু;
- বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন ২০১০ প্রণয়ন;
- বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০১৭ প্রণয়ন;
- ০৬টি জাতীয় সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে;
- ১,৯৮৮ টি বই সংগ্রহ;
- ৯৭৬টি(issues) জার্নাল সংগ্রহ;
- ব্যান্সডক কর্তৃক থিসিস, জার্নাল ও আর্টিক্যাল সংগ্রহ নীতিমালা ২০২১ প্রণয়ন;
- ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ নীতিমালা ২০২১ প্রণয়ন।

**২০২১ সালের মধ্যে ব্যান্সডকের সার্ভিসসমূহ অটোমেশন ও ডিজিটালাইজেশনের জন্য গৃহীত কর্মপরিকল্পনা:**

- ২০২১-এর মধ্যে ব্যান্সডক গ্রন্থাগারে রক্ষিত বই, জার্নাল ও অন্যান্য প্রকাশনাসমূহ আধুনিক software-এর মাধ্যমে ডিজিটালাইজড করা;
- ২০২১-এর মধ্যে ব্যান্সডকের সেবাসমূহকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে প্রশিক্ষিত ও আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষ জনশক্তি গড়ে তোলা ।
- ২০২১ এর মধ্যে ব্যান্সডক-এর গ্রন্থাগার ও অন্যান্য সেবাসমূহ উন্নতমানের Hardware এবং Software স্থাপনসহ গ্রন্থাগার পেশাজীবীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- ২০২১ এর মধ্যে ব্যান্সডকের রিপ্রোগ্রাফিক বিভাগকে আধুনিক যন্ত্রপাতির দ্বারা সমৃদ্ধ করে নতুন আঙ্গিকে সাজানো।

**২০৩০ সালে SDG অর্জনের লক্ষ্যে ব্যান্সডক কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা:**

- ২০২২ সালের মধ্যে ব্যান্সডকে আধুনিক সুযোগ-সুবিধা (সরঞ্জাম) সমৃদ্ধ হলরুম প্রতিষ্ঠা করা;
- ২০২৩ সালের মধ্যে ব্যান্সডকের ভৌত অবকাঠামো সম্প্রসারণ;
- ২০২৭ সালের মধ্যে দেশের সকল বিভাগীয় শহরে ব্যান্সডকের শাখা স্থাপন;
- ২০৩০ সালের মধ্যে ব্যান্সডককে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে আন্তর্জাতিক মানের তথ্য প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

**২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশ গঠনে ব্যান্সডকের কর্মপরিকল্পনা:**

- ২০৩৫ মধ্যে দেশের সকল গ্রন্থাগারের সঙ্গে ব্যান্সডকের সংযোগ স্থাপন করে আন্তর্জাতিক তথ্য আদান প্রদানে শক্তিশালী কনসোর্টিয়াম স্থাপন;
- ২০৪১ সালের মধ্যে দেশের সকল বিজ্ঞান গবেষণামূলক প্রতিষ্ঠান ও বিশ্বাবিদ্যালয়ে কর্মরত বিজ্ঞানী ও গবেষকদের তথ্য প্রাপ্তিতে ব্যান্সডককে প্রবেশদ্বার হিসেবে স্থাপন।

**চ্যালেঞ্জ ও সম্ভাবনা:**

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান প্রযুক্তিভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ ও বিতরণে জাতীয় দায়িত্ব পালনসহ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে আধুনিক তথ্য ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটির বিভিন্ন সাফল্যের পাশাপাশি কিছু চ্যালেঞ্জ ও সম্ভাবনা মোকাবেলা করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রশিক্ষিত জনবল, যানবাহন ও গ্রন্থাগারকে পূর্ণাঙ্গভাবে অটোমেশন ও ডিজিটালাইজেশনের আওতায় আনা হলে ব্যান্সডককে আধুনিক ডকুমেন্টেশন সেন্টার হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

বর্তমান সরকারের ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারের অঙ্গিকার বাস্তবায়নে বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) এর আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা

বর্তমান সরকারের ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারের নিম্নবর্ণিত বিষয়গুলো বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) এর কার্যাবলি সংশ্লিষ্ট:

| নির্বাচনী ইশতেহারের অনুচ্ছেদ | নির্বাচনী ইশতেহারের অঙ্গীকার | অঙ্গীকার বাস্তবায়নে বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) এর পরিকল্পনা |
|---|---|---|
| **৩.৩** | দক্ষ, সেবামুখী জবাবদিহিতামূলক প্রশাসন | ব্যান্সডকের সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্যসেবা সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রশাসনিক সক্ষমতা আনয়ন করা হবে। ফলশ্রুতিতে সেবামুখী কার্যক্রম ও জবাবদিহিতা নিশ্চিত হবে। |
| ৩.১১ | তরুণ যুবসমাজ: ‘তারুণ্যের শক্তি- বাংলাদেশের সমৃদ্ধি’ | দেশের যুবসমাজকে দক্ষ জনবলে রূপান্তরের মাধ্যমে বাংলাদেশের সমৃদ্ধি আনয়নের লক্ষ্যে বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক ও ডকুমেন্টেশন সংশ্লিষ্ট শিক্ষার্থীদের হাতে কলমে প্রশিক্ষিত করার জন্য ব্যান্সডক ইন্টার্নশিপ কার্যক্রম পরিচালনা করে থাকে। ভবিষ্যতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। |
| ৩.১৪ | কৃষি, খাদ্য ও পুষ্টি: খাদ্য নিরাপত্তা অর্জনের নিশ্চয়তা | ‘বাংলাদেশে কৃষিক্ষেত্রে গবেষণা, উন্নয়ন ও সম্ভাবনা’ শীর্ষক একটি জাতীয় সেমিনার ইতোমধ্যে আয়োজন করা হয়েছে। ফলশ্রুতিতে কৃষি গবেষণায় গবেষকদের তথ্য প্রাপ্তির বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং ভবিষ্যতে এ ধরণের কার্যক্রম অব্যাহত রাখার প্রয়াস। |
| ৩.১৬ | শিল্প উন্নয়ন: ওয়ানস্টপ সার্ভিস চালু | দেশের শিল্প ও প্রযুক্তির উন্নয়নে ব্যান্সডকের সেবাসমূহকে ওয়ানস্টপ পদ্ধতিতে রূপান্তরের জন্য ইতোমধ্যে ই-সার্ভিস রোডম্যাপ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যা সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে দেশের শিল্প প্রযুক্তি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।<br>ব্যান্সডকে বর্তমানে শিল্প, বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণামূলক দশটি তথ্যপূর্ণ অনলাইন ডাটাবেজ রয়েছে। বিষয়ভিত্তিক আরও নতুন ডাটাবেজ স্থাপনের প্রক্রিয়া চলমান। |
| ৩.১৮ | শিক্ষা | দেশের সকল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা সংশ্লিষ্ট অনুষদ ও বিভাগের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার প্রয়োজনীয় গবেষণা তথ্য ব্যান্সডক বিশ্বের যেকোন প্রান্ত হতে সংগ্রহ করে চাহিদামত সরবরাহ করে থাকে।ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন সাইন্স ও লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের সমাপনী পরীক্ষা শেষে তাদেরকে দক্ষ জনবল হিসেবে তৈরির জন্য ব্যান্সডক ইন্টার্নশিপ প্রদান করে থাকে। ভবিষ্যতে দেশের অন্যান্য বিশ্বিদ্যালয়ের সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষার্থীদেরও ইন্টার্নশিপ প্রদানের জন্য কলেবর বৃদ্ধির কাজ চলমান।<br>দেশের সকল বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহের গবেষক ও শিক্ষকদের গবেষণা কার্যে সহায়ক টেক্সট ও রেফারেন্স বই এবং জার্নালসমৃদ্ধ বিশেষায়িত গ্রন্থাগার রয়েছে, যা আন্তর্জাতিক মানে উন্নীত করার কার্যক্রম চলমান। |
| ৩.১৯ | স্বাস্থ্যসেবা ও পরিবার কল্যাণ | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল মেডিকেল কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবা সংক্রান্ত গবেষণার জার্নাল ও আর্টিক্যাল ব্যান্সডক সরবরাহ করে থাকে। আগামী ০৫ বছরে এই কার্যক্রমকে দ্বিগুণ করার অভিপ্রায়ে ব্যান্সডক এগিয়ে চলছে। |
| ৩.২১ | ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নপূরণ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | বাংলাদেশের জাতীয় বিজ্ঞান গ্রন্থাগারটি বর্তমানে ব্যান্সডকে অবস্থিত, যা যুগোপযোগী ও আধুনিক বিশ্বমানের গ্রন্থাগারে রূপান্তরের জন্য সম্পূর্ণ অটোমেশন ও ডিজিটাইজেশন করার প্রক্রিয়া চলমান। এছাড়াও সংস্থার রিপ্রোগ্রাফিক বিভাগকে আধুনিক সরঞ্জামাদিসমৃদ্ধ একটি বিভাগে রূপান্তর করা হবে। যার দ্বারা দেশের বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণামূলক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ে চলমান গবেষণা কার্যক্রম সমৃদ্ধ হবে।<br><br>শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকগণ যাতে নিজ নিজ অবস্থানে বসে প্রয়োজনীয় বই, জার্নাল ও অন্যান্য প্রকাশনা প্রয়োজনমত ব্যবহার করতে পারেন, সেজন্য দেশের সকল গবেষণামূলক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে কর্মরত গ্রন্থাগারিকদের ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণের মাধ্যমে ব্যান্সডক হতে প্রশিক্ষিত করা হচ্ছে, ফলে তারা নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারকে ডিজিটাল গ্রন্থাগারে রূপান্তর করতে সক্ষম হচ্ছেন।<br><br>সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ব্যান্সডকের সকল সেবা ও প্রশাসনিক কার্যাদি ডিজিটালাইজ করার কার্যক্রম চলমান। আগামী পাঁচ বছরের মধ্যে ব্যান্সডকের সকল কার্যাদি ডিজিটালাইজ করা হবে।<br><br>ব্যান্সডকের কার্যক্রমকে যুগোপযোগী করার লক্ষ্যে অত্যাধুনিক যন্ত্রপাতিসমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপনের প্রক্রিয়া চলমান। |
| ৩.২৩ | জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা | দেশের যে সকল গবেষণামূলক প্রতিষ্ঠান জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় গবেষণা কার্যক্রম পরিচালনা করছে, সেই সকল প্রতিষ্ঠানের গবেষকদের প্রয়োজনীয় ডকুমেন্ট ব্যান্সডক হতে প্রদান করা হয়ে থাকে, যার কার্যক্রম বৃদ্ধির চেষ্টা অব্যাহত আছে।<br><br>দেশের জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় প্রস্তুতি গ্রহণের জন্য ২০২১-২২ অর্থবছরে Adaptation ও Mitigation সংক্রান্ত একটি জাতীয় সেমিনার আয়োজনের পরিকল্পনা আছে। |

## নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

নাম: মো: মনিরুজ্জামান
পদবি: প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার (অতি: দায়িত্ব)
ঠিকানা: ব্যান্সডক, ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন (অফিস) : ৮৮-০২-৫৫০০৬৯১৩
মোবাইল : ০১৭১৫৩৮২০৬৫
ফ্যাক্স : ৮৮-০২-৫৫০০৬৯১৭
ইমেইল : mzaman1975@gmail.com




ব্যান্সডক

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ৮৮-০২-৫৫০০৬৯১৮

ফ্যাক্স: ৮৮-০২-৫৫০০৬৯১৭

ই-মেইল:bansdoc@bansdoc.gov.bd, bansdoc@gmail.com

www.bansdoc.gov.bd